সংবাদ

তারিখ 12 JAN 2009
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২

ঢাকা কলেজ

# ছাত্রাবাস দখল নিয়ে ছাত্রলীগের তিন গ্রুপে সংঘর্ষ : আহত ১৫

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ছাত্রাবাস দখলকে কেন্দ্র করে ঢাকা কলেজে ছাত্রলীগের নেতাকর্মীদের মধ্যে ত্রিমুখী সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে আহত হয়েছে কমপক্ষে ১৫ জন। শনিবার গভীর রাতে এ ঘটনা ঘটে। সংঘর্ষ চলাকালে বোমা বিস্ফোরণের ঘটনাও ঘটে। ঘটনার পর ক্যাম্পাসে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, কলেজের দক্ষিণ ছাত্রাবাসের ২০৭ কক্ষে রাত ৮টার দিকে ছাত্র তোলাকে কেন্দ্র করে টিটু গ্রুপ ও তারেক গ্রুপের নেতাকর্মীদের মধ্যে কথা কাটাকাটি শুরু হয়। এ ঘটনার জের ধরে শুরু হয় সংঘর্ষ। প্রথমে দু'পক্ষের মধ্যে চলে ইটপাটকেল

দখল : পৃষ্ঠা : ১১ ক : ৫

## দখল : ছাত্রাবাস

(১ম পৃষ্ঠার পর)

নিক্ষেপ। পরে উভয়পক্ষ চাপাতি, রড, হকিস্টিক নিয়ে হামলা-পাল্টা হামলা চালায়। এক ঘণ্টাব্যাপী চলে এ সংঘর্ষ।

সংঘর্ষ চলাকালে অপর গ্রুপ শিহাব গ্রুপের নেতাকর্মীরা দক্ষিণ ছাত্রাবাস দখলে নিলে পরিস্থিতি জটিল হয়ে ওঠে। শিহাব গ্রুপের হাত থেকে ছাত্রাবাস দখল ঠেকাতে টিটু ও তারেক গ্রুপের নেতাকর্মীরা নিজেদের মধ্যে সংঘর্ষ বন্ধ করে একত্রিত হয়। তারা ছাত্রাবাস দখলের চেষ্টা চালায়। শুরু হয় শিহাব গ্রুপের নেতাকর্মীদের সঙ্গে সংঘর্ষ। এ সংঘর্ষ চলে রাত ১টা পর্যন্ত।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেলে পরিস্থিতি শান্ত হয়। কলেজ ক্যাম্পাসে এখনও থমথমে পরিস্থিতি বিরাজ করছে। যে কোন সময় আবারও বড় ধরনের সংঘর্ষের ঘটনা ঘটতে পারে। পরিস্থিতি স্বাভাবিক রাখতে গতকাল রোববার কলেজ ক্যাম্পাস পরিদর্শন করেন রমনা জোন পুলিশ উর্ধ্বতন কর্মকতারা।

### আতঙ্কে ছাত্রাবাস ত্যাগ

ছাত্রলীগের ত্রিমুখী সংঘর্ষের সময় সাধারণ ছাত্রদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। তারা আতঙ্কে দিগ্বিদিক ছোটাছুটি করতে থাকে। আতঙ্কে অনেকে ছাত্রাবাস ত্যাগ করেছেন। এদিকে জানা গেছে, কলেজ ক্যাম্পাসে এ পরিস্থিতির জন্য সাধারণ ছাত্ররা ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির এক সহ-সভাপতিকে দায়ী করেছেন। তাদের মতে, তিনি কলেজ ক্যাম্পাস দখলে রাখতে বহিরাগতদের দিয়ে এ ঘটনা ঘটিয়েছেন।